গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭
Web site: www.doict.gov.bd, Fax:+88-0255006827

স্মারক নং:-৫৬.০৪.০০০০.০০১.০১৮.০০১.১৫-৪১৬৬

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
১৪ জুন ২০১৭খ্রিঃ

বিষয়:-প্রকল্পের আওতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তক ৬৯টি নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে **"শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম"** স্থাপনের জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সাথে সহযোগিতা চুক্তিনামা স্বাক্ষর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক আইসিটি শিক্ষা সম্প্রসারনের মাধ্যমে শিক্ষক, ছাত্র/ছাত্রী ও আগ্রহী যুবক যুবতীদের আইটি দক্ষতা বৃদ্ধি এবং কর্মসংস্থানের সুবিধার্থে সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে এক্সটেনশন আদেশের মাধ্যমে ৬৯টি নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে **"শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম"** স্থাপন কাজ চলমান। প্রতিটি ল্যাবে প্রয়োজনীয় ফার্নিচার, কম্পিউটারসহ আইটি সরঞ্জাম সরবরাহ ও স্থাপন করা হবে। এ লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক অনুমোদিত জেলার নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহের তালিকা সংযুক্ত করা হলো। **উল্লেখ্য যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যুৎ সংযোগ, ভালো অবকাঠামোগত সুবিধা না থাকলে এবং উপযুক্ত কারণ থাকলে এ তালিকা সংশোধন হতে পারে।** প্রেরিত তালিকা অনুযায়ী নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ প্রকল্প দপ্তরের সহিত নমুনা চুক্তিনামা অনুযায়ী (কপি সংযুক্ত) ৩০০ (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে একটি সহযোগিতা চুক্তিনামা সম্পন্ন করবেন এবং **"শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম"** স্থাপনের জন্য আপনার সর্বাত্মক সহযোগিতা প্রয়োজন।

এমতাবস্থায়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক অনুমোদিত তালিকা অনুযায়ী চুক্তিনামার কপি প্রতিটি নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে বিতরনের ব্যবস্থা গ্রহণ পূর্বক স্বাক্ষরিত চুক্তিনামার কপি আগামী ১৩/০৭/২০১৭খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্প দপ্তরে প্রেরণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো। তাছাড়া ল্যাব স্থাপনের কাজ যথাযথভাবে সম্পন্নের লক্ষ্যে উপযুক্ত তদারকির ব্যবস্থা নিতেও অনুরোধ করা হলো।

সংযুক্তি: চুক্তিনামার নমুনা কপি, নমুনা সাইনবোর্ড ও জেলা ভিত্তিক নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা

১৪/০৬/২০১৭
মালিহা নার্গিস
অতিরিক্ত মহাপরিচালক (যুগ্ম সচিব)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
প্রকল্প পরিচালক
ফোন-০২- ৮১৮১০৯৯

**জেলা প্রশাসক,**
ঢাকা/গাজীপুর/নারায়নগঞ্জ/শরীয়তপুর/ময়মনসিংহ/নেত্রকোণা/কিশোরগঞ্জ/মাদারীপুর/চট্টগ্রাম/কক্সবাজার/কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/চাঁদপুর/নোয়াখালী/সিলেট/মৌলভিবাজার/হবিগঞ্জ/যশোর/ঝিনাইদহ/বরিশাল/বরগুনা/নাটোর/রাজশাহী/দিনাজপুর/পঞ্চগড়/রংপুর।

<u>অনুলিপি সদয় (জ্ঞাতার্থে ও কার্যার্থে):</u>
১) সচিব, শিক্ষা মন্ত্রণালয় (অনুমোদিত ৬৯টি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রেরণসহ)।
২) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (দৃষ্টি আকর্ষনে: সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-২) (অনুমোদিত ৬৯টি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রেরণসহ)।
৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা (অনুমোদিত ৬৯টি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রেরণসহ)।
৪) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (অনুমোদিত ৬৯টি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রেরণসহ)।
৫) বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।
৬) পরিচালক (অর্থ ও প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (অনুমোদিত ৬৯টি শেখ রাসেল ডিজিটাল ল্যাবের তালিকা ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭) সহকারী প্রকল্প পরিচালক, সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প।
৮) জেলা শিক্ষা কর্মকর্তা, নির্বাচিত জেলা।
৯) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য অনুমোদিত ৬৯টি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রেরণসহ)।
১০) উপজেলা নির্বাহী কর্মকর্তা, নির্বাচিত সকল উপজেলা।
১১) জেলা/উপজেলা সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নির্বাচিত সকল উপজেলা (ল্যাব স্থাপনে সর্বাত্মক সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।
১২) সকল সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/সহকারী প্রোগ্রামার, সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প।
১৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নির্বাচিত সকল উপজেলা।
১৪) অনুমোদিত/নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল)।
১৫) অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## ঢাকা বিভাগ

| ক্র:নং | জেলার নাম | উপজেলার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|
| ১ | মাদারীপুর | রাজৈর | কবিরাজপুর ছইফউদ্দিন ডিগ্রী মহাবিদ্যালয় |
| ২ | | শিবচর | সরকারি বরহামগঞ্জ কলেজ |
| ৩ | ময়মনসিংহ | নান্দাইল | জহুরা খাতুন উচ্চ বালিকা বিদ্যালয় |
| ৪ | ঢাকা | কেরাণীগঞ্জ | বটতলী সিরাজ উদ্দিন আহম্মদ উচ্চ বিদ্যালয় |
| ৫ | | ধানমন্ডি | রায়ের বাজার উচ্চ বিদ্যালয় |
| ৬ | | ঢাকা | www.10minuteschool.com |
| ৭ | | ঢাকা | বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় |
| ৮ | | ঢাকা | রাজারবাগ পুলিশ লাইনস স্কুল এন্ড কলেজ |
| ৯ | কিশোরগঞ্জ | কুলিয়ারচর | কুলিয়ারচর পাইলট মডেল উচ্চ বিদ্যালয় |
| ১০ | | | বেগম নূরুন্নাহার পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় |
| ১১ | | | আগরপুর দ্বি-মুখী উচ্চ বিদ্যালয় |
| ১২ | | | ফরিদপুর আঃ হামিদ ভূঞা উচ্চ বিদ্যালয় |
| ১৩ | | | লক্ষীপুর দ্বি-মুখী উচ্চ বিদ্যালয় |
| ১৪ | | হোসেনপুর | আব্দুল আজিজ উচ্চ বিদ্যালয় |
| ১৫ | নারায়ণগঞ্জ | নারায়ণগঞ্জ | নারায়ণগঞ্জ কলেজ |
| ১৬ | | নারায়নগঞ্জ সদর | ফিরোজা খাতুন আদর্শ মহিলা দাখিল মাদ্রাসা |
| ১৭ | গাজীপুর | কালিগঞ্জ | সাগুরাইদ উচ্চ বিদ্যালয় |
| ১৮ | শরিয়তপুর | ভেদরগঞ্জ | বঙ্গবন্ধু আদর্শ উচ্চ বিদ্যালয় |
| ১৯ | নেত্রকোণা | সদর | হেনা ইসলাম কলেজ |
| ২০ | | বারহাট্টা | নিশ্চিন্তপুর উচ্চ বিদ্যলিয় |

## খুলনা বিভাগ

| | | | |
|---|---|---|---|
| ১ | খুলনা | ঝিনাইদহ | ঝিনাইদহ পৌর মডেল স্কুল এন্ড কলেজ |
| ২ | | যশোর | সাতবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় |

## বরিশাল বিভাগ

| | | | |
|---|---|---|---|
| ৩ | বরিশাল | হিজলা | পওনীভাঙ্গা মহিলা মাদ্রাসা |
| ৪ | | বানারীপাড়া | মসজিদবাড়ী মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ |
| ৫ | বরগুনা | বেতাগী | কুমড়াখালী শশীভুষণ মাধ্যমিক বিদ্যালয় |

০৪/০৫/১৭
নালিহা নার্গিস
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার
ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

০৪/০৫/১৭
এ এস এম শফিউল আলম তালুকদার
সহকারী প্রকল্প পরিচালক (উপ সচিব)
সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার
ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

## রাজশাহী বিভাগ

| | | | |
|---|---|---|---|
| ১ | নাটোর | নাটোর সদর | বনলতা উচ্চ বিদ্যালয় |
| ২ | | | শেখ মুজিব কলেজ |
| ৩ | রাজশাহী | বাঘা | শাহদৌলা ডিগ্রি কলেজ |
| ৪ | | বোয়ালিয়া | সিটি টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট স্কুল ও কলেজ |

## রংপুর বিভাগ

| | | | |
|---|---|---|---|
| ৫ | দিনাজপুর | চিরিরবন্দর | ইছামতি ডিগ্রী কলেজ |
| ৬ | রংপুর | মিঠাপুকুর | শঠিবাড়ী কলেজ |
| ৭ | | | রাণীপুকুর স্কুল এন্ড কলেজ |
| ৮ | পঞ্চগড় | সদর | মফিজার রহমান কলেজ |

## চট্টগ্রাম বিভাগ

| | | | |
|---|---|---|---|
| ১ | নোয়াখালী | কোম্পানীগঞ্জ | জৈতুন নাহার কাদের মহিলা কলেজ |
| ২ | | কবিরহাট | আবদুর রহিম উচ্চ বিদ্যালয় |
| ৩ | | সেনবাগ | তাহিরপুর তামিরুল উম্মাত ইসলামিয়া দাখিল মাদ্রাসা |
| ৪ | | বেগমগঞ্জ | কাদিরপুর উচ্চ বিদ্যালয় (সাহেবের হাট) |
| ৫ | চাঁদপুর | চাঁদপুর সদর | ফারাক্কাবাদ ডিগ্রী কলেজ |
| ৬ | | | পুরান বাজার ডিগ্রী কলেজ |
| ৭ | কুমিল্লা | সদর | তাজ রওশন হাইস্কুল (আদালত সংলগ্ন বালিকা শাখা) |
| ৮ | ব্রাহ্মনবাড়িয়া | নবীনগর | এ,আর,এম উচ্চ বিদ্যালয় |
| ৯ | চট্টগ্রাম | লোহাগড়া | বীরবিক্রম জয়নুল আবেদিন হাইস্কুল |
| ১০ | কক্সবাজার | কক্সবাজার সদর | বায়তুস শড়ক একাডেমী |
| ১১ | | | খরুলিয়া তালিমুল কোরান দাখিল মাদ্রাসা |

০৪/০৫/১৭

০৪/০৫/১৭

এ এম এম শফিউল আলম তালুকদার
সহকারী প্রকল্প পরিচালক (উপ সচিব)
সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার
ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

## সিলেট

| | | | |
|---|---|---|---|
| ১১ | সিলেট | গোয়াইনঘাট | ইমরান আহমেদ বালিকা উচ্চ বিদ্যালয় |
| ১২ | মৌলভীবাজার | কমলগঞ্জ | এটিএম হাই স্কুল |
| ১৩ | | সদর | আলী আমজাদ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় |
| ১৪ | হবিগঞ্জ | নবীগঞ্জ | কৃত্তিনারায়ণ কলেজ |

০৪/০৫/১৭
মালিহা নার্গিস
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার
ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

০৪/০৫/১৭
এ এস এম রফিউল আলম তালুকদার
সহকারী প্রকল্প পরিচালক (উপ সচিব)
সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার
ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ফোনঃ +৮৮০২৫৫০০৬৮২৬

<u>প্রাইমারী স্কুলের তালিকা</u>

ঢাকা বিভাগ

| ক্র:নং | জেলার নাম | উপজেলার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|
| ১. | কিশোরগঞ্জ | কুলিয়ারচর | ১ নং কুলিয়ারচর সরকারি প্রাঃ বিদ্যালয় |
| ২. | | | কুলিয়ারচর বাজার আদর্শ সরকারি প্রাঃ বিদ্যালয় |
| ৩. | | | নোয়াগাঁও মুছা মিয়া সরকারি প্রাঃ বিদ্যালয় |
| ৪. | | | বড়খাঁচর সরকারি প্রাঃ বিদ্যালয় |
| ৫. | | | আদমখরকান্দি সরকারি প্রাঃ বিদ্যালয় |
| ৬. | | | দোয়ারিয়া সরকারি প্রাঃ বিদ্যালয় |
| ৭. | | | নোয়াকান্দি পৈলনপুর সরকারি প্রাঃ বিদ্যালয় |
| ৮. | | | আলী আকবরী সরকারি প্রাঃ বিদ্যালয় |
| ৯. | | | বেতিয়ারকান্দি সরকারি প্রাঃ বিদ্যালয় |
| ১০. | | | তারাকান্দি কোনাপাড়া সরকারি প্রাঃ বিদ্যালয় |
| ১১. | | | তারাকান্দি সরকারি প্রাঃ বিদ্যালয় |
| ১২. | | | বাজরা কান্দুলিয়া সরকারি প্রাঃ বিদ্যালয় |
| ১৩. | | | মাইজপাড়া ভিটিগাঁও সরকারি প্রাঃ বিদ্যালয় |
| ১৪. | | | ডুমরাকান্দা সরকারি প্রাঃ বিদ্যালয় |
| ১৫. | | | চয়সূতী সরকারি প্রাঃ বিদ্যালয় |
| ১৬. | | | কলাকুপা সরকারি প্রাঃ বিদ্যালয় |
| ১৭. | | | বড় ছয়সূতী সরকারি প্রাঃ বিদ্যালয় |
| ১৮. | | | কান্দিগ্রাম সরকারি প্রাঃ বিদ্যালয় |
| ১৯. | | | উছমানপুর সরকারি প্রাঃ বিদ্যালয় |
| ২০. | | | ভরাডুল সরকারি প্রাঃ বিদ্যালয় |
| ২১. | | | আলীরচর কাপাশাটিয়া সরকারি প্রাঃ বিদ্যালয় |

০৪/০৫/১৭

মাসিহা নার্গিস
(যুগ্ম সচিব)
অতিরিক্ত মহাপরিচালক
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা-১২০৭

04/05/17

এ এস এম শফিউল আলম তালুকদার
সহকারী প্রকল্প পরিচালক (উপ সচিব)
সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ফোনঃ +৮৮০২৫৫০০৬৮৩৬

চুক্তিমানা

সহযোগিতা চুক্তিপত্র

(Contract Agreement)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের পক্ষে-

------- প্রথম পক্ষ

**মালিহা নার্গিস,** অতিরিক্ত মহাপরিচালক (যুগ্ম সচিব),
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও প্রকল্প পরিচালক
সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প,
আইসিটি টাওয়ার (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭

------- দ্বিতীয় পক্ষ

------------- শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষে
-------------------------------------
-------------------------------------
------------ -------------------------
মোবাইল নম্বর:
উপজেলা: ----------------, জেলা: ------------------।

এই চুক্তিপত্র তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের পক্ষে অদ্য ০০/০০/২০১৭ইং তারিখে প্রকল্প পরিচালক ''সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প'' আইসিটি টাওয়ার (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭ এবং প্রধান শিক্ষক/অধ্যক্ষ, ---------------- বিদ্যালয়, উপজেলা: -------------, জেলা: ------------------ এর মধ্যে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে উভয়পক্ষ চুক্তি সম্পাদিত হল:-

**-: শর্তাবলী:-**

**১ম পক্ষ (কর্মসূচী কর্তৃপক্ষ) কর্তৃক করণীয়:**

১) ০১টি ল্যাপটপ, ১০টি ডেক্সটপ কম্পিউটার, ১টি লেজার প্রিন্টার, ১টি স্ক্যানার, ১টি মাল্টিমিডিয়া প্রজেক্টর (স্ক্রীনসহ), ১টি ট্যাব, ১টি থ্রিজি রাউটার এবং ১০টি কম্পিউটার টেবিল (ডাবল) ও ৩১টি চেয়ার এবং ১টি ইন্সট্রাক্টর টেবিল এর সমন্বয়ে একটি ল্যাব স্থাপন করবে।

২) প্রকল্প হতে ল্যাবকক্ষ সংস্কার ও সাইনবোর্ড স্থাপন কাজের ব্যয় বাবদ যথাক্রমে বরাদ্দকৃত ২০,০০০/- (বিশ হাজার) টাকা ও ১০,০০০/- (দশ হাজার) টাকা অনুমোদিত প্রতিষ্ঠানকে জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে জেলা/ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে প্রদান করা হবে। বর্ণিত বরাদ্দকৃত অর্থ হতে প্রচলিত বিধি মোতাবেক ভ্যাট কর্তন করা হবে।

৩) কম্পিউটার ল্যাবে ইনটারনেট সংযোগের সুবিধার জন্য থ্রিজি রাউটার প্রকল্প থেকে স্থাপন করা হবে।

৪) প্রকল্প দপ্তর/ আইসিটি বিভাগ/আইসিটি অধিদপ্তর/শিক্ষা বিভাগ/শিক্ষা মন্ত্রণালয় থেকে বিভিন্ন সময়ে কম্পিউটার ল্যাব পরিদর্শন ও মনিটরিং করা হবে।

২য় পক্ষ **(নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান)** কর্তৃক করণীয়ঃ

১) কম্পিউটার ল্যাব স্থাপনের জন্য প্রতিষ্ঠানের আনুমানিক (২২ ফুট দৈর্ঘ্য ১৮ ফুট প্রস্থ) মাপের কক্ষ প্রদানের ব্যবস্থা করবে। কক্ষটি প্রতিষ্ঠানের দ্বিতীয় তলায় অথবা উপযুক্ত স্থানে হওয়া প্রয়োজন। স্যাঁতস্যাতে পরিবেশ মুক্ত সুন্দর অবকাঠামো বিশিষ্ট হতে হবে।

২) ল্যাবের মালামাল যাতে চুরি/খোয়া না যায় সেজন্য সতর্কমূলক বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে হবে। কোন কারণে এসব সরকারি সম্পদ চুরি বা খোয়া গেলে তার দায়ভার প্রতিষ্ঠান প্রধানসহ পরিচালনা পরিষদের উপর বর্তাবে এবং চুরি যাওয়ার ৩০দিনের মধ্যে উক্ত সরঞ্জামাদি উদ্ধার অথবা ক্রয় করে ল্যাবে পুন:স্থাপন করতে হবে।

৩) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও প্রতিষ্ঠান পরিচালনা কমিটি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের সাথে আলোচনা করে প্রকল্প হতে বরাদ্দকৃত অর্থ (প্রচলিত বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স কর্তন) ব্যয়ে শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাব কক্ষ সংস্কার ও সাইনবোর্ড স্থাপনের কাজ সম্পন্ন করতে হবে। বর্ণীত কাজ সম্পন্ন করে অতিসত্তর প্রকল্প পরিচালকের দপ্তরে প্রত্যয়ন পাঠাতে হবে। ল্যাব কক্ষ সংস্কার ও সাইন বোর্ড স্থাপনের কাজ নিম্নরূপ হতে হবে।

(ক) কম্পিউটার ল্যাবের জন্য নির্ধারিত কক্ষ আনুমানিক(২২ ফুট দৈর্ঘ্য ১৮ ফুট প্রস্থ) এর ফ্লোরে প্লাস্টার করা বা প্লাস্টিক ম্যাট বসানো অথবা সুন্দর মেঝে করা।

(খ) কম্পিউটার ও আনুষাঙ্গিক যন্ত্রপাতিতে বিদ্যুৎ সংযোগ দেওয়ার জন্য ল্যাব কক্ষে ইলেকট্রিক ওয়ারিং করা/মেরামত করা।

(গ) কক্ষের ভিতরে দেয়াল প্লাস্টার ও দরজা-জানালা সংস্কারের প্রয়োজন হলে তা সম্পন্ন করা।

(ঘ) প্রয়োজনে রুমের ভিতরের ছাদসহ দেয়াল ডিস্টেম্পার অথবা চুনকাম করা।

(ঙ) প্রয়োজনে দরজা-জানালা মেরামত, তালাচাবির ব্যবস্থা করা ও পর্দা দেয়া।

(চ) প্রয়োজনে সিলিং ফ্যান লাগানো এবং

(ছ) প্লাস্টার, রং ও খোদাই (৩.৫´ X ৩´ মাপের শ্বেত পাথর) করে লেখাসহ ফলক আকারে নমুনা অনুযায়ী (ইটের তৈরি) সাইনবোর্ড স্থাপন করবেন।

৪) ল্যাবে সার্বক্ষণিক ইন্টারনেট সংযোগ নিশ্চিত করতে হবে। কম্পিউটার ল্যাবের জন্য প্রয়োজনীয় বিদ্যুৎ ও ইন্টারনেট বিল সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান পরিশোধ করবে।

৫) এ ল্যাব আইসিটি শিক্ষা বিস্তারে কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের অনুমতিক্রমে অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীরা প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান এ বিষয়ে পূর্ণ সহযোগিতা প্রদান করবে। শিক্ষা কার্যক্রম ব্যহত না করে বাণিজ্যিকভাবে এ ল্যাব স্থানীয় সাইবার সেন্টার হিসেবে ব্যবহার করা যেতে পারে।

৬) ল্যাবের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে এবং সেক্ষেত্রে প্রতি কর্ম দিবসে কম্পিউটার ল্যাবটি আবশ্যিকভাবে খোলা রাখতে হবে যাতে যে কোন ছাত্র/ছাত্রী যে কোন সময়ে ল্যাব/কম্পিউটার ব্যবহার করতে পারে।

৭) প্রয়োজনে এ ল্যাব এসএসসি/এইচএসসি পর্যায়ে কম্পিউটার সায়েন্সের/ আইসিটি বিষয়ক ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র হিসেবে ব্যবহার করা যেতে পারে।

৮) সরকারের কোন কাজে ল্যাবের প্রয়োজন হলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

৯) প্রকল্প দপ্তর/আইসিটি বিভাগ/আইসিটি অধিদপ্তর/শিক্ষা বিভাগ/শিক্ষা মন্ত্রণালয় থেকে বিভিন্ন সময়ে কম্পিউটার ল্যাব পরিদর্শন ও মনিটরিং এর কাজে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান সহযোগিতা প্রদান করবে।

১০) স্থাপিত ল্যাপটপসহ আইটি সরঞ্জাম ও আসবাবপত্রের ওয়ারেন্টি মেয়াদ শেষে কম্পিউটার ল্যাবের কম্পিউটার ও আনুষাঙ্গিক সামগ্রী সংশ্লিষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব সম্পত্তি হিসেবে গ্রহণ করবে এবং রক্ষণাবেক্ষনের জন্য প্রয়োজনীয় অর্থেরও সংস্থান করবে।

১১) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/ল্যাবের দায়িত্ব প্রাপ্ত শিক্ষক সকল কম্পিউটার ও অন্যান্য আইটি সরঞ্জাম/ যন্ত্রপাতি সচল রাখার ব্যবস্থা গ্রহণ করবেন। এই নীতিমালা যথাযথ প্রতিপালিত না হওয়ার কারণে ল্যাব বন্ধ থাকলে বা কোন ভাবে ক্ষতিগ্রস্থ হলে তা প্রতিষ্ঠান প্রধানের অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১২) ল্যাব কক্ষ রেনোভেশন ও সাইনবোর্ড স্থাপনের কাজ এবং প্রকল্প হতে প্রাপ্ত ল্যাপটপসহ আইটি সরঞ্জাম ও আসবাবপত্রসমূহ প্রতিষ্ঠানের স্টক রেজিষ্টারে লিপিবদ্ধ করবে এবং রেজিষ্টারের সত্যায়িত কপি প্রকল্প অফিসে প্রেরণ করবে।

১৩) যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার / আইসিটি শিক্ষক নাই সে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অতিসত্বর একজন কম্পিউটার / আইসিটি শিক্ষক নিয়োগ প্রদান নিশ্চিত করতে হবে।

অত্র চুক্তিনামা পড়ে ইহার মর্মার্থ অনুধাবন করে অন্যের বিনা প্ররোচনায় স্বজ্ঞানে স্বাক্ষীগণের উপস্থিতিতে স্বাক্ষর করলাম।

**১ম পক্ষ**

**২য় পক্ষ**

(মো: ............. )
শিক্ষা প্রতিষ্ঠান প্রধান
--------------------------------
উপজেলা:-------------------------, জেলা:--------------------

স্বাক্ষীর নাম, স্বাক্ষর ও তারিখ,

১।

২।

৩।

১। প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সভাপতি (সিলসহ স্বাক্ষর)
ফোন নং-

২। জেলা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সিলসহ স্বাক্ষর)
ফোন নং-

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা/ আইসিটি) (সিলসহ স্বাক্ষর)
ফোন নং-

চুক্তিমানা

সহযোগিতা চুক্তিপত্র

(Contract Agreement)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের পক্ষে-

------- প্রথম পক্ষ

এএসএম শফিউল আলম তালুকদার (সহকারী প্রকল্প পরিচালক)
সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প,
আইসিটি টাওয়ার (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭

------- দ্বিতীয় পক্ষ

প্রধান শিক্ষকের নাম:-----------------------
------------------------প্রাথমিক বিদ্যালয়
------------------------------------
------------ ------------------------
মোবাইল নম্বর:-
উপজেলা: ------------------------, জেলা: --------------------।

সহকারী প্রকল্প পরিচালক ''সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প'' আইসিটি টাওয়ার (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭ এবং প্রধান শিক্ষক, --------------------প্রাথমিক বিদ্যালয়, উপজেলা: ------------------------, জেলা: ------------------------ এর মধ্যে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে এই চুক্তি সম্পাদিত হল:-

**-: শর্তাবলী:-**

**১ম পক্ষ (কর্মসূচী কর্তৃপক্ষ) কর্তৃক করণীয়:**

১) ০১টি ল্যাপটপ, ০২টি ডেক্সটপ কম্পিউটার, ১টি লেজার প্রিন্টার, ১টি স্ক্যানার, ১টি মাল্টিমিডিয়া প্রজেক্টর (স্ক্রীনসহ), ০২টি লোকস্ট আইটি ইকুইপমেন্ট, ১টি থ্রিজি রাউটার এবং ০৬টি কম্পিউটার টেবিল ও ০৬টি চেয়ার এর সমন্বয়ে একটি ল্যাব স্থাপন করবে।

২) কম্পিউটার ল্যাবে ইনটারনেট সংযোগের সুবিধার জন্য থ্রিজি রাউটার প্রকল্প থেকে স্থাপন করা হবে।

৩) প্রকল্প দপ্তর/ আইসিটি বিভাগ/আইসিটি অধিদপ্তর/প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে বিভিন্ন সময়ে শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম পরিদর্শন ও মনিটরিং করা হবে।

২য় পক্ষ **(নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান)** কর্তৃক করণীয়ঃ

১) স্থাপিত কম্পিউটার ল্যাবগুলো সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের দায়িত্বে ব্যবহৃত হবে এবং ল্যাব পরিচালনা, সংরক্ষণ ও মেরামতের সকল দায়িত্ব পালন করবে। কোন ইকুপমেন্ট বা তাঁর যন্ত্রাংশ বিকল হলে তা তাৎক্ষণিক মেরামত করবে।

২) ল্যাব পরিচালনা সার্বিক দায়িত্বে থাকবে বিদ্যালয়ের প্রধান শিক্ষক তিনি বিদ্যালয় পরিচালনা কমিটির সহযোগিতায় ল্যাব পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করবেন।

৩) প্রতিষ্ঠানের সকল শ্রেণীর শিক্ষার্থী এবং শিক্ষক নিয়মিত ল্যাব ব্যবহার করবেন। বিদ্যালয় প্রধান বা দায়িত্বপ্রাপ্ত শিক্ষক প্রতিষ্ঠান প্রধানের অনুমোদনক্রমে, শিক্ষার্থীদের ল্যাব ব্যবহারের জন্য সময় সূচি নির্ধারণ করবেন।

৪) কম্পিউটার ল্যাব গুলোকে ডিজিটাল ক্লাসরুম হিসেবে গড়ে তুলতে হবে। সকল শিক্ষার্থী প্রতিসপ্তাহে বিভিন্ন বিষয়ে যুক্তিসঙ্গত সংখ্যক ক্লাস মাল্টিমিডিয়া ক্লাসরুমে করবে।

৫) সরকারের স্বার্থ সংশ্লিষ্ঠ কোন কাজে ল্যাব ব্যবহারের প্রয়োজন হলে সংশ্লিষ্ঠ প্রাথমিক বিদ্যালয় জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারকে অবহিত করে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

৬) ল্যাবের সকল প্রকার ইকুপমেন্টস ও আসবাবপত্রের হিসাব সংরক্ষেনের জন্য প্রধান শিক্ষক স্টক রেজিস্টার সংরক্ষন করবেন।

৭) প্রধান শিক্ষক ল্যাবের নিরাপত্তা ও পরিচ্ছন্নতা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণসহ ল্যাব বন্ধ করার পূর্বে ল্যাবের বৈদ্যুতিক নিরাপত্তা ব্যাবস্থা নিশ্চিত করবেন।

৮) ল্যাবের জন্য নির্ধারিত কম্পিউটার সহ অন্যান্য সরঞ্জামাদি কোন অবস্থাতেই ল্যাবের বাইরে ব্যবহার করা যাবে না। তবে বিশেষ প্রয়োজনে ল্যাপটপসহ মাল্টিমিডিয়া প্রজেক্টর ইত্যাদি প্রধান শিক্ষক ও উপজেলা শিক্ষা অফিসারের অনুমতি সাপেক্ষে ল্যাবের বাইরে ব্যবহার করা যাবে।

৯) ল্যাবে সরকার নির্ধারিত পাঠদান সময়ের বাইরে কম্পিউটার বিষয়ক প্রশিক্ষনের ব্যাবস্থা করা যাবে। সেক্ষেত্রে প্রশিক্ষাণের ফি থেকে প্রাপ্ত অর্থের ৫০% ল্যাব রক্ষণাবেক্ষণের কাজে ব্যয় করতে হবে। অবশিষ্ঠ ৫০% প্রশিক্ষণ পরিচালনার জন্য ব্যবহার করতে হবে। সকল ব্যয়ের ভাউচার সংরক্ষণ করতে হবে যা নিরিক্ষা যোগ্য। কম্পিউটার ল্যাব এর জন্য পৃথক একাউন্ট পরিচালনা করতে হবে।

১০) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক প্রণীত ১ম থেকে ৫ম শ্রেনীর ২১টি পাঠ্য পুস্তকের ইন্টার অ্যাক্টিভ ডিজিটাল কন্টেন্ট যা জাতীয় শিক্ষাক্রম পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত ইন্টার অ্যাক্টিভ ডিজিটাল কন্টেন্ট (digitalcontent.ictd.gov.bd) ডাউনলোড করে ব্যবহার করতে হবে।

অত্র চুক্তিনামা পড়ে ইহার মর্মার্থ অনুধাবন করে অন্যের বিনা প্ররোচনায় স্বজ্ঞানে স্বাক্ষীগণের উপস্থিতিতে স্বাক্ষর করলাম।

**১ম পক্ষ**

**২য় পক্ষ**

(মো: ................................................ )

প্রাথমিক বিদ্যালয় প্রধান

---------------------------------

উপজেলা:-------------------------, জেলা:--------------------

স্বাক্ষীর নাম, স্বাক্ষর ও তারিখ,

১।

১। প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সভাপতি (সিলসহ স্বাক্ষর)
ফোন নং-

২।

২। জেলা/ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সিলসহ স্বাক্ষর)
ফোন নং-

৩।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা/ আইসিটি) (সিলসহ স্বাক্ষর)
ফোন নং-

# (নমুনা সাইনবোর্ড)

# শেখ রাসেল ডিজিটাল ল্যাব

শিক্ষা প্রতিষ্ঠানের নাম:------------------------

বাস্তবায়নে: সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

স্থাপনকাল: ২০১৬-২০১৭অর্থবছর ।

[৩*৩.৫ ফুট মাপের শ্বেত পাথরে উপরে উল্লিখিত অংশটি খোদাই করত সাইনবোর্ডটি অবশ্যই প্রতিষ্ঠানের প্রধান ফটক সংলগ্ন ইটের তৈরি ফাউন্ডেশনে স্থাপন করতে হবে]

(নমুনা প্রত্যয়ন- প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উপজেলা:- , জেলা:-

০০/০০/২০১৭খ্রি: তারিখে -----------জেলার, -------------উপজেলার ০০টি শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাব কক্ষ রেনভেশন ও সাইনবোর্ড স্থাপন কাজের সমাপ্ত ও ব্যয়িত অর্থের প্রত্যয়নপত্র।

| বরাদ্দ পত্র নং ও কোড | নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের নাম | বরাদ্দকৃত অর্থের পরিমাণ | ব্যয়িত অর্থের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পের স্মারক নং-<br>কোড নং- | ১।<br>২। | ০০/- | ০০/- | বিল নং-০০ তাং-০০/০০/২০১৬খ্রি: মূলে ভ্যাট বাবদ ০০/-টাকা কর্তন করে ০০/- টাকা |

জেলা/ উপজেলা হিসাব রক্ষণ অফিসার,
উপজেলা:-----------, জেলা:-----------
সীল ও স্বাক্ষর
ফোন নং-

উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা:--------------, জেলা:------------------
সীল ও স্বাক্ষর
ফোন নং-